দৈনিক ইত্তেফাক

তারিখ .. 2.4 MAR 1993
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৭ ...

# সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি স্থগিত

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি শিক্ষামন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিবের আশ্বাসের পরিপ্রেক্ষিতে এবং পরীক্ষার্থী, শিক্ষার্থী ও অভিভাবকদের সমস্যার কথা বিবেচনা করিয়া গতকাল (মঙ্গলবার) ৩১শে মার্চ হইতে ঘোষিত কর্মবিরতি ও ডিগ্রী পরীক্ষা বর্জনের কর্মসূচী স্থগিত ঘোষণা করিয়াছে। সরকারী কলেজ অধ্যাপকদের দাবী-দাওয়া নিষ্পত্তিতে উচ্চ ক্ষমতা-সম্পন্ন কমিটির কাজে মন্থর গতির প্রতিবাদে অধ্যাপক সমিতি কর্মবিরতি, এইচএসসি পরীক্ষা বর্জন ও ঘেরাও কর্মসূচীর তারিখ ৭ই জুন নির্ধারণ করিয়াছে। ৫ই এপ্রিল হইতে কালোব্যাজ ধারণ, ১২ই এপ্রিল পরীক্ষা আওতাবহির্ভূত রাখিয়া প্রতিদিন দুই ঘন্টা প্রতীক কর্মবিরতি, ১৮ই এপ্রিল পূর্ণ দিবস কর্মবিরতি, ১৯শে এপ্রিল হইতে ২৯শে এপ্রিল অধ্যক্ষ ও মহাপরিচালকের অফিস ঘেরাও, ২রা মে হইতে ২৫শে মে তিন-ঘন্টার প্রতীক কর্মবিরতির মাধ্যমে ১২ দফা দাবীতে চাপ অব্যাহত রাখার পর ৭ই জুন অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু হইবে।